১৭/৬/২০০১

তারিখ ...

পৃষ্ঠা ২০ কলাম ৬

ভোরের কাগজ

# বেসরকারি মেডিকেল কলেজগুলোর অনুমোদন বাতিল করতে বলেছে চিকিৎসক সমাজ

কাগজ প্রতিবেদক : চিকিৎসকদের সংগঠন জাতীয় চিকিৎসক সমাজ নিম্নমানসম্পন্ন বেসরকারি মেডিকেল কলেজগুলোর বিএমডিসির (বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল) অনুমোদন বাতিল করে শিগগিরই এসব প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত একাডেমিক কার্যকলাপ বন্ধ করার আহ্বান জানিয়েছে। পাশাপাশি নতুন করে এ ধরনের বেসরকারি মেডিকেল কলেজ প্রতিষ্ঠানকে অনুমতি না দেওয়ারও আহ্বান জানিয়েছেন জাতীয় চিকিৎসক সমাজের নেতৃবৃন্দ।

গত বৃহস্পতিবার জাতীয় চিকিৎসক সমাজের সহসভাপতি ডা. এম এম আর চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সংগঠনের নিয়মিত সভায় চিকিৎসক নেতৃবৃন্দ উপরোক্ত আহ্বান জানান। নেতৃবৃন্দ উদ্বেগ প্রকাশ করে বলেন, দেশে আধুনিক মেডিকেল শিক্ষার মান নিয়ন্ত্রণ না করে, এক শ্রেণীর অসাধু ব্যবসায়ীরা ব্যাঙের ছাতার মতো যত্রতত্র মেডিকেল কলেজ খুলে মেডিকেল শিক্ষার মতো মহান শিক্ষাকে পুঁজি করে দেদারছে ব্যবসা করে যাচ্ছে। তারা বলেন, সরকারি মেডিকেল কলেজে যে সমস্ত ছাত্রছাত্রী ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হতে ব্যর্থ হয়, কেবলমাত্র তারাই মোটা অঙ্কের অর্থের বিনিময়ে এসব বেসরকারি মেডিকেল কলেজে ভর্তি হয়ে থাকে।

এক্ষেত্রে বেসরকারি মেডিকেল কলেজ কর্তৃপক্ষ নামকাওয়াস্তে ভর্তি পরীক্ষার মাধ্যমে অথবা কোনো কোনো ক্ষেত্রে তদবিরকারীদের কাছে নতি স্বীকার করে ছাত্রছাত্রী ভর্তি করিয়ে থাকেন।

বক্তারা আরো বলেন, এ সমস্ত বেসরকারি প্রতিষ্ঠান থেকে পাস করা মেধাশূন্য চিকিৎসকদের কাছ থেকে জনগণ কি ধরনের গুণসম্পন্ন চিকিৎসা সেবা পেতে পারেন তা সহজেই অনুমেয়। অর্থের কাছে মেধার এরূপ ক্রমাগত অবমূল্যায়ন হতে থাকলে, মেধাবী চিকিৎসকগণ নিজেদের মানসম্মান রক্ষার্থে স্বাভাবিক কারণেই বিদেশে পাড়ি দিতে বাধ্য হবে। ফলে দেশের জনগণ এদেশের চিকিৎসকদের ওপর সঙ্গত কারণেই আস্থাহীন হয়ে আরো বিদেশমুখী হয়ে পড়বে। এতে চিকিৎসা বাবদ বর্তমান খরচের চেয়ে আরো কোটি কোটি টাকা বিদেশে পাচার হয়ে যাবে বলে বক্তারা অভিমত দেন।

সভায় চিকিৎসক নেতৃবৃন্দ জোর দিয়ে বলেন, সংখ্যায় নয়, দেশে আধুনিক শিক্ষা ও মানবিক গুণে গুণান্বিত চিকিৎসক চাই তথা দেশের রোগী বিদেশ নয়, দেশেই চিকিৎসা নিশ্চিত করতে চাই।

সংগঠনের সদস্য সচিব ডা. রকিবুল ইসলাম লিটুর পরিচালনায় অন্যদের মধ্যে আলোচনায় অংশ নেন ডা. মাহতাব উদ্দিন আহমেদ, ডা. মাহমুদ হাই ওসমানী ও ডা. শাহীন আহমেদ চৌধুরী।

## আজ ঢাকায়

**১৭ জুন, রোববার**

- **উদীচী শিল্পী গোষ্ঠী** : মানববন্ধন, হাইকোর্টের সামনে, সকাল ১০টা থেকে।
- **প্রোগ্রাম ফর রিসার্চ অন প্রোভার্টি এলিভিয়েশন** : 'নগর দরিদ্রদের আন্তঃপারিবারিক খাদ্য বন্টন ও নিরাপত্তা' শীর্ষক সেমিনার, গ্রামীণ ব্যাংক মিলনায়তনে, বিকাল ৩টায়।
- **বাংলাদেশ ছাত্রলীগ** : খালেদা জিয়ার দখলকৃত সম্পত্তি জনগণের কাছে ফিরিয়ে দেওয়ার দাবিতে সেনানিবাস অভিমুখে পদযাত্রা, শাহবাগ গোলচত্বর থেকে, সকাল ১১ টায়।
- **জাতীয় ঘাট শ্রমিক লীগ** : জাতির পিতার দুকন্যার বিশেষ নিরাপত্তা আইন পাসের দাবিতে সমাবেশ ও মিছিল, সদরঘাট গাড়ি পার্কিং মাঠে, বিকাল ৩টায়।
- **সিলেট বিভাগ উন্নয়ন পরিষদ** : মুলতবি সভা, কেন্দ্রীয় কার্যালয়ে, বিকাল ৫টায়।